যুগান্তর

রোববার এমপিওবঞ্চিত কালিয়ানী এমএ খালেক মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও এলাকাবাসীর বিক্ষোভ (বাঁয়ে) ও কালিয়াকৈরের চন্দ্রায় বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ

এমপিওবঞ্চিত শিক্ষক-কর্মচারীদের প্রতিবাদ বিক্ষোভ

যুগান্তর ডেস্ক

জামালপুরের মাদারগঞ্জ, সরিষাবাড়ী, পটুয়াখালীর কলাপাড়া, গোপালগঞ্জের কালিয়ানী, গাজীপুরের কালিয়াকৈর, নোয়াখালীর কোম্পানীগঞ্জ, ঝিনাইদহের মহেশপুর ও কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় এমপিওবঞ্চিত অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী এবং ছাত্রছাত্রীরা বিক্ষোভ, মানববন্ধন, সমাবেশ, ডিসি ও ইউএনও অফিস ঘেরাও কর্মসূচি পালনসহ প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করেছেন। কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করে রেখেছেন।

যুগান্তর প্রতিনিধিরা জানান—

পটুয়াখালী : পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার মহিপুর মুজিবোত্তর মেমোরিয়াল কলেজটি বরিশাল শিক্ষা বোর্ডে পরপর দুবার নেরা দলে ছুল পেলেও এমপিওভুক্ত হয়নি। ফলে ওই কলেজের শিক্ষক-কর্মচারীদের মধ্যে দেখা দিয়েছে চরম হতাশা।

গোপালগঞ্জ : গোপালগঞ্জের কালিয়ানীতে খেনা এমএ খালেক মাধ্যমিক বিদ্যালয়কে এমপিওভুক্ত না করায় মানববন্ধন, বিক্ষোভ মিছিল এবং স্মারকলিপি প্রদান করেছেন বিক্ষুব্ধ শিক্ষক, শিক্ষার্থী ও এলাকাবাসী। রোববার সকালে ওই স্কুল থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। বিক্ষোভ মিছিলটি উপজেলা সদরের ঢাকা-খুলনা মহাসড়ক প্রদক্ষিণ শেষে কালিয়ানী উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

কালিয়াকৈর (গাজীপুর) : উপজেলার চন্দ্রা জাতির পিতা বঙ্গবন্ধু স্কুলে ছাত্রছাত্রী ও শিক্ষকরা স্কুল এমপিওভুক্তির দাবিতে শনিবার বিকালে সংসদ সদস্যকে গাড়িসহ ঘেরাও করে বিক্ষোভ মিছিল করে। এ সময় সংসদ সদস্য তাদের দাবি পূরণের আশ্বাস দিলে ছাত্রছাত্রীরা ক্লাসে ফিরে যায়।

কোম্পানীগঞ্জ : নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার ৫টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিভুক্ত না হওয়ায় ষষ্ঠ শ্রেণীর থেকে স্কুলের শিক্ষকরা ক্লাস বর্জন অব্যাহত রেখেছে। ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা ক্লাস বর্জন অব্যাহত রাখায় হাজার হাজার শিক্ষার্থী পাঠদান থেকে বঞ্চিত হচ্ছে। বাতিলকৃত সব শিক্ষা প্রতিষ্ঠান এমপিভুক্তির দাবিতে রোববার সকালে উপজেলা পরিষদের সামনে হাজার হাজার শিক্ষার্থী সমবেত হয়ে বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সভা ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

মাদারগঞ্জ : রোববার মাদারগঞ্জ এমপিওবঞ্চিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি মাদারগঞ্জ উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ঘেরাও করে। এ সময় উপজেলা পরিষদ চত্বরে এক সমাবেশে বক্তব্য রাখেন মির্জা আজম ডিগ্রি কলেজের অধ্যাপক ডিএম শফিকুল ইসলাম, ঘুঘুমারী মির্জা কাদের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোশাররফ হোসেন বাদল, সরকারী শিক্ষক ও চরপাতেরদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম, মির্জা রওশন আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং যুবলীগ সাধারণ সম্পাদক রায়হান রহমতুল্লা রিবু প্রমুখ।

মহেশপুর : মহেশপুরে কোন স্কুল, কলেজ এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষকদের মধ্যে হতাশা ও ক্ষোভ বিরাজ করছে। মহেশপুর শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, একটি মাত্র মাদ্রাসা এমপিওভুক্ত হয়েছে।

সরিষাবাড়ী : দুর্নীতি, অনিয়ম, আঞ্চলিক বৈষম্য ও স্বজনপ্রীতির মাধ্যমে অযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল; শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিবের পদত্যাগ এবং সরিষাবাড়ীর বঙ্গবন্ধু কলেজ এমপিওভুক্ত করার দাবি জানিয়েছেন শিক্ষক-কর্মচারী ও আওয়ামী লীগের নেতারা।

ফুলবাড়ী : কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় একটি মাত্র শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হওয়ায় প্রায় ১৫০ জন শিক্ষক-কর্মচারীর মধ্যে হতাশা ও তাদের পরিবারগুলোর মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে।

জয়পুরহাট জেলার একটি শিক্ষা প্রতিষ্ঠানও এমপিওভুক্ত হয়নি

জয়পুরহাট প্রতিনিধি

জেলার ৬৩টি জেলার শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হলেও সরকার ঘোষিত নতুন এমপিওভুক্তির তালিকায় জয়পুরহাট জেলার কোন শিক্ষা প্রতিষ্ঠানের নাম না থাকায় বিষয়টি পুনর্বিবেচনার জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন বঞ্চিত শিক্ষক-কর্মচারীরা। জয়পুরহাট জেলার ৫টি উপজেলার ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের একটি প্রতিষ্ঠানকেও নতুন এমপিওভুক্তির আওতায় না আনার প্রতিবাদে রোববার জয়পুরহাট প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের এমপিও-বঞ্চিত শতাধিক শিক্ষক-কর্মচারী তিন দিনের মধ্যে মান উন্নত ও যোগ্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্তির আওতায় আনার দাবি জানান। তা না হলে আগামী ১২ মে জয়পুরহাট জেলা শহরে মানববন্ধন ও জেলা প্রশাসনের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদানের কর্মসূচি ঘোষণা করা হয়। ১২ মের মধ্যে দাবি পূরণ না হলে এ ব্যাপারে কঠোর আন্দোলনের কর্মসূচি গ্রহণের হুঁশিয়ারি উচ্চারণ করা হয়। সংবাদ সম্মেলনে এমপিওভুক্তির আওতায় না আসা (বঞ্চিত) শিক্ষকদের দাবির প্রতি সংহতি ও একাত্মতা ঘোষণা করে এ সম্পর্কিত লিখিত বক্তব্য পাঠ করেন জয়পুরহাট সদর উপজেলার ডাইস চেয়ারম্যান তিতাস মোস্তফা। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জয়পুরহাট সদরের আদমদিঘী একাডেমির অধ্যক্ষ সুলতান মোহাম্মদ জামসুজ্জামান, আমদাই নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোতাহার হোসেন, হাটুভাঙ্গা দ্বিমুখী দাখিল মাদ্রাসার শাহজালাল দেওয়ান, ক্ষেতলাল উপজেলার ইটাখোলা বিএম কলেজের অধ্যক্ষ আবদুর রউফ, নওটিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোজাফফর হোসেন এবং কালাই উপজেলার মাঝাই নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেলাল হোসেনসহ অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।

এমপিওভুক্ত হল গাইবান্ধার বন্ধ হয়ে যাওয়া স্কুলও

গাইবান্ধা প্রতিনিধি

গাইবান্ধা সদর উপজেলার বন্ধ হয়ে যাওয়া খোলাহাটী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এমপিওভুক্তিকে নিয়ে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। বিদ্যালয়টি ১৭ বছর আগে চালুর পর কিছুদিন সেখানে লেখাপড়া চললেও পরে এটি বন্ধ হয়ে যায়। কিন্তু কাগজে-কলমে বিভিন্ন শিক্ষা দপ্তরে এটি যথারীতি চালু দেখানো হয়। জোট সরকারের আমলে বিদ্যালয়টি মঞ্জুরি লাভ করে এবং কল্পিত ছাত্রীদের নামে উপবৃত্তির টাকাও উত্তোলন করা হয়। সম্প্রতি বিদ্যালয়টি এমপিওভুক্তি হলে এ ব্যাপারে বিভিন্ন মহলে অভিযোগ করা হয়। এরই পরিপ্রেক্ষিতে রোববার সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আলিফ আহমদ বিদ্যালয়টি পরিদর্শন করতে যান। এসময় তিনি বিদ্যালয়ের সামনে যত টাকানো হচ্ছে দেখতে পান। ক্লাস চলাকালীন বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়নি। সব ক্লাস মিলিয়ে ছাত্রী পাওয়া গেছে মাত্র ১৩ জন। অপরদিকে শিক্ষক উপস্থিতি ছিল ৫ জন। বিদ্যালয়ভুক্ত বেঞ্চ পাওয়া গেছে ১২টি, শিক্ষকদের বসার কোন চেয়ার-টেবিল এমনকি ব্ল্যাকবোর্ড পর্যন্ত নেই। এছাড়া বিদ্যালয়ের নামফলক বা সাইনবোর্ড পর্যন্ত ছিল না। অপরদিকে ছাত্রী ও শিক্ষক হাজিরা খাতা এবং অন্যান্য দাপ্তরিক রেজিস্টার ও কাগজপত্র কিছুই পাওয়া যায়নি বলে উপজেলা নির্বাহী কর্মকর্তা সাংবাদিকদের জানান।

যুগান্তর
তারিখ ... 10 MAY 2010 ...
পৃষ্ঠা ... কলাম ...